

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, জয়পুরহাট
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.joypurhat.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৩৮০০.০২৬.১০.০০১.২৩-১১৮৮

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি সালেহীন তানভীর গাজী, জেলা প্রশাসক, জয়পুরহাট ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন :-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ----- বৃহস্পতিবার ৩০ নভেম্বর ২০২৩
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ----- শুক্রবার-সোমবার ০১-০৪ ডিসেম্বর ২০২৩
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ----- মঙ্গলবার-শনিবার ০৫-০৯ ডিসেম্বর ২০২৩
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ----- রবিবার-শুক্রবার ১০-১৫ ডিসেম্বর ২০২৩
(ঙ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ----- রবিবার ১৭ ডিসেম্বর ২০২৩
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ----- সোমবার ১৮ ডিসেম্বর ২০২৩
(ছ)	ভোট গ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ----- (রবিবার) ০৭ জানুয়ারি ২০২৪

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাস্তবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বেলিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৩৫ জয়পুরহাট-২ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, জয়পুরহাট ও রিটার্নিং অফিসারের কার্যালয়) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, কালাই ও ক্ষেতলাল, জয়পুরহাট এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ- ১৫ দিন ১১ মাস ২০২৩ বৎসর




(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক, জয়পুরহাট

ও
রিটার্নিং অফিসার
৩৫, জয়পুরহাট- ২
ফোন নং ০২৫৮৯৯১৫০৫১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৪। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ০৫। অধিনায়ক, ২০ বিজিবি, জয়পুরহাট।
- ০৬। জেলা নির্বাচন অফিসার, জয়পুরহাট।
- ০৭। কমান্ডার, র‍্যাব-৫, র‍্যাব ক্যাম্প, জয়পুরহাট।
- ০৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি ও সহকারী রিটার্নিং অফিসার।
- ১০। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট (তাকে এই গণবিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার, আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১২। অফিসার-ইন-চার্জ, আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল থানা, জয়পুরহাট।
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক জয়পুরহাট।
- ১৪। নোটিশ বোর্ড।


(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক, জয়পুরহাট
ও
রিটার্নিং অফিসার